গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
পরশুরাম, ফেনী
parshuram.feni.gov.bd

**'জাতীয় স্থানীয় সরকার দিবস' ২০২৩ উদযাপন উপলক্ষ্যে উপজেলা কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আফরোজা হাবিব শাপলা, উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী |
| সভার স্থান | : | উপজেলা অফির্সাস ক্লাব মিলনায়তন, পরশুরাম, ফেনী |
| সভার তারিখ ও সময় | : | ০৪.০৯.২০২৩ খ্রি., সময়: সকাল ১১:০০ ঘটিকা |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.২৩.০০১.২২(অংশ-১)-৮৫৫, তারিখ: ২৪/০৮/২০২৩ খ্রি. এবং জেলা প্রশাসক, ফেনী মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার স্মারক নং-০৫.২০.৩০০০.০০৬.২৩.০০১(অংশ-১)-৫০৬, তারিখ:৩১/০৮/২০২৩ খ্রি: সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপন সংক্রান্ত নির্দেশনাসমূহ পাঠ করে শুনানো হয়। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় এবং দিবসটি সুন্দর ও শান্তিপূর্ণভাবে উদযাপনের নিমিত্ত নিম্নে দিবস পরিচালনা কমিটি গঠন করা হলো।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, উপকারভোগীদের সাথে আলোচনা ও অংশীজন সমাবেশ, সেমিনার, উন্নয়ন ভাবনা ও দিবসের গুরুত্ব বিষয়ে আলোচনা। | বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, উপকারভোগীদের সাথে আলোচনা ও অংশীজন সমাবেশ, সেমিনার, উন্নয়ন ভাবনা ও দিবসের গুরুত্ব বিষয়ে আলোচনা সভা আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পর্যায়ে দিবস উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, উপকারভোগীদের সাথে আলোচনা, অংশীজন সমাবেশ, সেমিনার, উন্নয়ন ভাবনা ও দিবসের গুরুত্ব বিষয়ে আলোচনা সভা আয়োজনপূর্বক জনসাধারণের নিকট দিবসটির গুরুত্ব তুলে ধরার বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম ফেনী |
| ০২ | রাজস্ব বৃদ্ধির উদ্যোগ/রাজস্ব বা কর মেলা আয়োজন বিষয়ে আলোচনা | রাজস্ব বৃদ্ধির উদ্যোগ/রাজস্ব বা কর মেলা আয়োজন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় দিবস উপলক্ষ্যে ইউনিয়ন ও পৌরসভার প্রত্যেক ওয়ার্ড ভিত্তিক অথবা ওয়ার্ডভিত্তিক সম্ভব না হলে ইউনিয়ন বা পৌরসভার জনবহুল স্থানসমূহে বিশেষ ক্যাম্প স্থাপন করে হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ইত্যাদি খাতে রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে রাজস্ব বা কর মেলা আয়োজন করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, পরশুরাম পৌরসভা, চেয়ারম্যান ইউপি (সকল) পরশুরাম, ফেনী |
| ০৩ | পোষ্টার, ব্যানার, নিয়ন সাইন, আলোকসজ্জা ইত্যাদি দ্বারা স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ সজ্জিতকরণ বিষয়ে আলোচনা | পোষ্টার, ব্যানার, নিয়ন সাইন, আলোকসজ্জা ইত্যাদি দ্বারা স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ সজ্জিতকরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষ্যে পোষ্টার, ব্যানার ও নিয়ন সাইন ইত্যাদি দ্বারা স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (যেমনঃউপজেলা পরিষদ, পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও ইউনিয়ন পরিষদসমূহ (ইত্যাদি) আলোকসজ্জায় সজ্জিতকরণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী/ মেয়র, পরশুরাম পৌরসভা/ চেয়ারম্যান, ইউপি (সকল) পরশুরাম, ফেনী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | শ্রেষ্ঠ সেবার জন্য পুরস্কার প্রদান | শ্রেষ্ঠ সেবার জন্য পুরস্কার প্রদান (যেমনঃ জন্ম-মৃত্যু নিবন্ধন সনদ প্রদান, কর আদায়, বিভিন্ন লাইসেন্স প্রদান) ইত্যাদি ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের পুরস্কার প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | শ্রেষ্ঠ সেবার জন্য পুরস্কার প্রদান (যেমনঃ জন্ম-মৃত্যু নিবন্ধন সনদ প্রদান, কর আদায়, বিভিন্ন লাইসেন্স প্রদান) ইত্যাদি ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের পুরস্কার প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী/ মেয়র, পরশুরাম পৌরসভা/চেয়ারম্যান ইউপি (সকল) |
| ০৫ | সরকারের এবং স্থানীয় সরকার বিষয়ক অর্জনসমূহের প্রদর্শনী | সরকারের এবং স্থানীয় সরকার বিষয়ক অর্জনসমূহের প্রদর্শনীর মাধ্যমে ব্যাপক প্রচারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সরকারের এবং স্থানীয় সরকার বিষয়ক অর্জনসমূহ উপজেলা ও পৌরসভার বিভিন্ন জনবহুল স্থানে বিলবোর্ড/প্রদর্শনীর মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী/ মেয়র, পরশুরাম পৌরসভা, পরশুরাম, ফেনী |
| ০৬ | ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | উপজেলা পর্যায়ে ইউপি গ্রামপুলিশদের মাঝে ক্রীড়া প্রতিযোগিতার (ফুটবল) আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | দিবস উদযাপন উপলক্ষ্যে উপজেলা পর্যায়ে ইউপি গ্রামপুলিশদের মাঝে ক্রীড়া প্রতিযোগিতার (ফুটবল) আয়োজন করার জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী<br>ইউপি চেয়ারম্যান (সকল)<br>পরশুরাম, ফেনী |

০৭। বর্ণিত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ সফল বাস্তবায়নের নিমিত্ত নিম্নরূপ উদযাপন কমিটি গঠন করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী | উপদেষ্টা |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী | সভাপতি |
| ৩ | মেয়র, পরশুরাম পৌরসভা, পরশুরাম, ফেনী | সদস্য |
| ৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী | সদস্য |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, পরশুরাম, ফেনী | সদস্য |
| ৬ | অফিসার ইনচার্জ, পরশুরাম মডেল থানা, পরশুরাম, ফেনী | সদস্য |
| ৭ | উপজেলা কৃষি অফিসার, পরশুরাম, ফেনী | সদস্য |
| ৮ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পরশুরাম, ফেনী | সদস্য |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পরশুরাম, ফেনী | সদস্য |
| ১০ | উপজেলা শিক্ষা অফিসার, পরশুরাম, ফেনী | সদস্য |
| ১১ | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরশুরাম, ফেনী | সদস্য |
| ১২ | জনাব মোশারফ হোসেন, সভাপতি, জাসদ, পরশুরাম, ফেনী | সদস্য |
| ১৩ | সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, পরশুরাম, ফেনী | সদস্য |
| ১৪ | সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, পরশুরাম, ফেনী | সদস্য |
| ১৫ | চেয়ারম্যান ইউপি (সকল),পরশুরাম, ফেনী | সদস্য |
| ১৬ | জনাব আবুল কালাম, ক্রীড়া শিক্ষক, পরশুরাম সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, পরশুরাম, ফেনী | সদস্য |
| ১৭ | সাধারণ সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, পরশুরাম, ফেনী | সদস্য |
| ১৮ | জনাব আবু ইউসুফ মিন্টু, সাংবাদিক, পরশুরাম, ফেনী | সদস্য |
| ১৯ | জনাব সবির আহমেদ ভূঁইয়া ফোরকান, সাংবাদিক, পরশুরাম, ফেনী | সদস্য |
| ২০ | সহকারী কমিশনার (ভূমি),পরশুরাম, ফেনী | সদস্য সচিব |

০৮। ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপনের পর উপজেলা পর্যায়ে ১৭-১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখ ৩ (তিন) দিন ব্যাপী 'জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষ্যে উন্নয়ন মেলা' পরশুরাম উপজেলা পরিষদ চত্বরে আয়োজন করা হবে।

০৯। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), পৌরসভা এবং ইউনিয়নসমূহ উক্ত 'উন্নয়ন মেলায়' অংশগ্রহণ করবেন এবং প্রতিদিন সকাল ১০.০০ ঘটিক হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত মেলা চলবে।

১০। মেলা আয়োজনের ১ম দিন (১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ) প্রদর্শনী, র‍্যালী, আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হবে।

১১। ইউনিয়ন এবং ওয়ার্ড পর্যায়ে সমাবেশ এবং আলোচনা অনুষ্ঠান ১৭-১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে যে কোন ১ (এক) দিন বা সুবিধাজনক সময়ে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

১২। উপজেলা পর্যায়ে ১৭-১৯ সেপ্টেম্বর ২০২৩ তারিখ 'উন্নয়ন মেলায়' চলাকালীন সময়ে আইনশৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় পুলিশ ফোর্স মোতায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, পরশুরাম মডেল থানা, পরশুরাম, ফেনীকে অনুরোধ করা হলো।

১৩। উপজেলা পর্যায়ে র‍্যালীতে মাধ্যমিক স্কুলের ছাত্র/ছাত্রী, প্রাথমিক শিক্ষকগণ, স্কাউট ও গালর্স গাইডস উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা/ উপজেলা শিক্ষা অফিসার, পরশুরাম ফেনীকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪/০৯/২৩

আফরোজা হাবিব শাপলা
উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী
ও
সভাপতি
জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপন
সংক্রান্ত উপজেলা কমিটি

স্মারক নং-০৫.২০.৩০৫১.০০.০২৩.১৮.০০৯.২৩- ৬৩০

তারিখ: ০৪/০৯/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, ফেনী-১
২। জেলা প্রশাসক, ফেনী
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী
৪। সহকারী কমিশনার (ভূমি),পরশুরাম, ফেনী
৫। মেয়র, পরশুরাম পৌরসভা, পরশুরাম, ফেনী
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী
৭। অফিসার ইনচার্জ পরশুরাম মডেল থানা, পরশুরাম, ফেনী
৮। উপজেলা...................................... পরশুরাম, ফেনী
৯। চেয়ারম্যান, মির্জানগর, চিথলিয়া, বক্সমাহমুদ ইউনিয়ন পরিষদ, পরশুরাম, ফেনী
১০। ..........................................পরশুরাম, ফেনী
১১। অফিস কপি

০৪/০৯/২৩

উপজেলা নির্বাহী অফিসার
পরশুরাম, ফেনী